৪৯তম বার্ষিক সাধারণ সভা ১০ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ, ২৫ ডিসেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ
ব্যবস্থাপনা কমিটির পক্ষে সাধারণ সম্পাদকের

# বার্ষিক প্রতিবেদন

**সম্মানিত সদস্যবৃন্দ**

আসসালামু আ'লাইকুম। জাহাঙ্গীরনগর ইউনিভার্সিটি কো-অপারেটিভ হাউজিং সোসাইটি লিঃ (অরুণাপল্লী)'র ৪৯তম বার্ষিক সাধারণ সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণকে ব্যবস্থাপনা কমিটির পক্ষ থেকে স্বাগত জানাচ্ছি।

**শ্রদ্ধেয় সদস্যবৃন্দ**

আশা করি আপনারা শারীরিক ভাবে সুস্থ আছেন। আপনাদের স্বতস্ফূর্ত উপস্থিতিতে আমরা আজ আনন্দিত। জীবনের চলমানতায় ক্ষয়বৃদ্ধির যে নিয়ম জগতে বিদ্যমান তা এ বছর আমাদের মধ্যেও ক্রিয়াশীল ছিলো। তারই ধারাবাহিকতায় প্লট/প্লটের অংশ হস্তান্তর ও ক্রয়/হেবা সূত্রে আমরা মোট ৭৪ জন নতুন সদস্য লাভ করেছি। আমি সানন্দ চিত্তে আপনাদের সম্মুখে নতুন সদস্যগণের একটি তালিকা উপস্থাপন করছি: তাঁরা হলেন: জনাব মোঃ শাহীন আলম (প্লট নং-৭৪/এ), ড. রওনক আরা বেগম (প্লট নং-১১০), জনাব কামরুল হাসান খান (প্লট নং-২১১), জনাব নাসরীন সুলতানা (প্লট নং-২১১), জনাব মোঃ আশরাফ আলী খান (প্লট নং-২১১), জনাব মোঃ রেজাউল হাসান খান (প্লট নং-২১১), জনাব নাজনীন সুলতানা খান (প্লট নং-২১১), জনাব জাকিয়া আক্তার (প্লট নং- ৭৪/এ), জনাব মোহাম্মদ সেলিম মিয়া (প্লট নং-১১০), অধ্যাপক ড. রেজওয়ানা আবেদীন (প্লট নং-৭৪/এ), জনাব মোহাম্মদ ওয়াহিদুজ্জামান (প্লট নং-১১০), জনাব সাইদুর রহমান (প্লট নং-১১০), জনাব মোহাম্মদ আকবর আলী (প্লট নং-১১০), জনাব সাদিক হাসান খান (প্লট নং-১১০), জনাব মোহাম্মদ মাসুদ রেহমান নূর (প্লট নং-৩০১), জনাব আয়েশা সিদ্দিকা (প্লট নং-৩০১), জনাব আফিয়া রহমান মুক্তা (প্লট নং-১১০), অধ্যাপক ড. তাসলিমা নাহার (প্লট নং-২২১), জনাব তাজমুন নাহার লীপা (প্লট নং-২২১), জনাব রুমানা সুলতানা তাম্মী (প্লট নং-২২১), জনাব মোহাম্মদ আব্দুর রহমান (প্লট নং-৩০১), জনাব আবু হেনা মোহাম্মদ তারেক ইকবাল (প্লট নং-২০), জনাব মোঃ শাহরিয়ার পারভেজ (প্লট নং-২৬১), জনাব মোঃ সালাহউদ্দীন (প্লট নং-২৬১), জনাব শারমীন সুলতানা (প্লট নং-১১০), জনাব লায়লা সুলতানা (প্লট নং-১১০), জনাব এলিজা সুলতানা (প্লট নং-১১০), অধ্যাপক ড. সিকদার মো: জুলকারনাইন (প্লট নং-৩২৮/বি), জনাব সুজন কুমার দাস (প্লট নং-৩২৮/বি), জনাব আফরোজ পারভীন (প্লট নং-৩২৮/বি), জনাব মোঃ মেহেদী হাসান রোমান (প্লট নং-৩২৮/বি), জনাব নুসরাত জাহান (প্লট নং-৩২৮/বি), জনাব ফারজানা শাহরিন প্রভা (প্লট নং-৩২৮/বি), জনাব মোহাম্মদ কাউছার হোসেন (প্লট নং-৩২৮/বি), জনাব মোঃ আল-রেজওয়ান তালুকদার (প্লট নং-৩০১), জনাব নাজনীন সুলতানা সুখী (প্লট নং-৩০১), জনাব মোহাম্মদ ইলতুৎ মিশ (প্লট নং-৩০১), জনাব মোঃ রাজিবুল ইসলাম (প্লট নং-৩০১), জনাব শেখ ফারাবীর আহমেদ (প্লট নং-৯৮/বি), জনাব শেখ ফাত্তাহ আহমেদ (প্লট নং-৯৮/বি), জনাব তানভীর দেওয়ান (প্লট নং-৩৩৭), জনাব ইফফাত আরা দেওয়ান (প্লট নং-৩৩৭), জনাব আয়শা তাশবীন হাকিম (প্লট নং-৩৩৭), অধ্যাপক ড. মোঃ রেজাউল করিম (প্লট নং-১৩৫/এ), জনাব ফাহাদ হোসেন (প্লট নং-১৮৯/বি), জনাব শামীমা সুলতানা (প্লট নং-১৮৯/বি), জনাব দোলন চাপা (প্লট নং-১৮৯/বি), জনাব আফিয়া সুলতানা কেয়া (প্লট নং-১৮৯/বি), জনাব মোছাঃ শারমীন আক্তার সুপ্তা (প্লট নং-১৮৯/বি), জনাব রুমানা আক্তার (প্লট নং-১৮৯/বি), জনাব সুরাইয়া আক্তার (প্লট নং-১৮৯/বি), জনাব দিলরুবা জাহান (প্লট নং-১৮৯/বি), জনাব আবু নূর মোঃ ফয়সাল (প্লট নং-৩০১), অধ্যাপক মোঃ আসাদুজ্জামান (প্লট নং-২৩৭), জনাব সাবরীনা শারমীন (প্লট নং-১২৪/এ), জনাব মাসুমা খান (প্লট নং-১২৪/এ), জনাব মোঃ সালাহউদ্দিন (প্লট নং-২৬১), অধ্যাপক আয়শা সিদ্দিকা রাসু (প্লট নং- ১৭৬), জনাব কামরুজ্জাহান ফ্লোরা (প্লট নং-২৩৩), জনাব উর্মিলা পালিত (প্লট নং-১২৪/এ), জনাব জুবাইদা খান (প্লট নং-৩০১), জনাব শেরমিন কবির (প্লট নং-১৮), জনাব জেসমিন সোনিয়া চৌধুরী (প্লট নং-১৮), জনাব আইরিন তারানা কবির (প্লট নং-১৮), জনাব নাসিমা বেগম (প্লট নং-১১০), জনাব রওশন আরা বেগম (প্লট নং-৫৮), জনাব ডি এম মোস্তাফিজুর রহমান (প্লট নং-১২৪/এ), জনাব কানিজ ফাতেমা (প্লট নং-১২৪/এ), অধ্যাপক ড. মোঃ তাজউদ্দিন সিকদার (প্লট নং-১৭৭/এ), জনাব এস এম আহসান হাবিব (প্লট নং-১৭৭/এ), জনাব নুরে সাবাহ (প্লট নং-১৭৭/এ), অধ্যাপক ড. উম্মে সায়কা (প্লট নং-১৭৭/এ), জনাব রহিমা খাতুন (প্লট নং-১৭৭/এ), জনাব মাকসুদা রহমান (প্লট নং-১২৪/এ)। আজকের সভায় তাঁদেরকে অভিবাদন জানাচ্ছি ও সোসাইটির উন্নয়নে তাঁদের সহযোগিতা কামনা করছি।

**সম্মানিত সদস্যবৃন্দ**

গভীর দুঃখের সঙ্গে জানাচ্ছি যে, আমাদের জানামতে এ বছর ৫ (পাঁচ) জন সম্মানিত সদস্য শেষ নিঃশ্বাস ত্যাগ করেছেন। তাঁরা হলেন- অধ্যাপক ড. আমির হোসেন খান (প্লট নং-৫৮), অধ্যাপক ড. সালেহ আহমেদ (প্লট নং-৭৩), ড. এম এফ করিম (প্লট নং-২২৪), অধ্যাপক ডা. এ কিউ এম বদরুদ্দোজা চৌধুরী (প্লট নং-২৮০), জনাব মহিউদ্দিন আহমদ (প্লট নং-২৬৮) (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজেউন)। আমরা বিদেহী আত্মার মাগফিরাত কামনা করছি ও এক মিনিট নীরবতা পালন করছি এবং তাঁদের শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করছি।

**প্রিয় সদস্যবৃন্দ**

এ বছর ব্যবস্থাপনা কমিটির নিয়মিত সর্বমোট ১৭টি এর মধ্যে ৩টি বিশেষ ও ২টি জরুরি সভা অনুষ্ঠিত হয়েছে। সোসাইটির বার্ষিক সাধারণ সভা এবং ব্যবস্থাপনা কমিটির সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের লক্ষ্যে বছরব্যাপী বিভিন্ন কার্যক্রম পরিচালিত হয়। বাস্তবায়িত কার্যক্রমের একটি সংক্ষিপ্ত বিবরণ আপনাদের সামনে উপস্থাপন করছি:

**০১। নিরাপত্তা ব্যবস্থা**

বরাবরের মতো এবারো সোসাইটির নিরাপত্তাকে সর্বোচ্চ গুরুত্ব দেয়া হয়েছে। পরিস্থিতি অনুযায়ী এবং অভিজ্ঞতার আলোকে ব্যবস্থাপনা কমিটি এ ব্যাপারে যথাসময়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সক্রিয় ছিলো। নিরাপত্তা প্রহরী ও সি.সি.টি.ভি ক্যামেরার সমন্বয়ে সোসাইটির অভ্যন্তরে সার্বক্ষণিক নিরাপত্তা নিশ্চিত করা হয়েছে। সোসাইটির অভ্যন্তরে স্থাপিত আইপি ক্যামেরাসমূহ মেরামত, কয়েকটি নতুন ক্যামেরা ক্রয় ও স্থাপনের মাধ্যমে সার্বক্ষণিক সচল রাখা এবং বিভিন্ন সময়ে নিরাপত্তা বাহিনীকে ভিডিও ক্লিপ সরবরাহ করে অপরাধ কমিয়ে আনার প্রচেষ্টা অব্যাহত রয়েছে। বর্তমানে ৩টি কন্ট্রোল রুমের মাধ্যমে সারাক্ষণ সি.সি.টি.ভি পর্যবেক্ষণে রাখা হয়। এ বছর সীমানা বরাবর ১০০ ফুট জালি বেড়া স্থাপনের মাধ্যমে নিরাপত্তা ব্যবস্থা জোরদার করা হয়েছে। প্রায় ৪৩০ ফুট আরসিসি বাউন্ডারি ওয়াল নির্মাণ করা হয়েছে। কেয়ারটেকার, ঠিকাদার ও ভাড়াটিয়াদের 'তথ্য ফর্ম'সহ আইডি কার্ডের ব্যবস্থা করা হয়েছে। উল্লেখ্য যে, সোসাইটির নিরাপত্তা প্রহরীদের জন্য শীতকালীন ও গ্রীষ্মকালীন নতুন ড্রেসের ব্যবস্থা করা হয়েছে।

**০২। সোসাইটির মামলা পরিচালনা**

আপনারা অবগত রয়েছেন যে, সোসাইটির চলমান মামলাগুলোর মধ্যে এই বছর ১১টি মামলার রায় আমাদের পক্ষে এসেছে, ইতোমধ্যে আরো একটি মামলার স্বাক্ষ্যগ্রহণ সম্পন্ন হয়েছে। বাকিগুলোর স্বাক্ষ্যগ্রহণ অব্যাহত রয়েছে। রায়কৃত মামলাগুলোর পরবর্তী কার্যক্রমও শুরু হয়েছে। এছাড়াও সোসাইটির কলমা মৌজায় অবস্থিত কোর্ট অব-ওয়ার্ডসের মামলাটি (২৪ জন বাদী) স্বাক্ষ্যগ্রহণ শেষে রায়ের জন্য অপেক্ষমান আছে। শীতকালীন বন্ধের পরপরই জানুয়ারীতে রায় সম্পন্ন হবে বলে আশা করছি।

**০৩। আর.সি.সি ড্রেইন নির্মাণ**

সোসাইটির অভ্যন্তরে পানি নিষ্কাশন ব্যবস্থার উন্নয়নের লক্ষ্যে এবছরও প্রায় ৩৬০ রানিং ফুট আর.সি.সি (পাকা) পাইপ দিয়ে ড্রেইন নির্মাণ করা হয়েছে। সোসাইটির ৩, ৫, ৮ নং রোডের অংশ বিশেষ, মেইন রোড ও ক্রস রোডের অংশে ড্রেইনের নির্মাণ কাজ সম্পন্ন করা হয়েছে। এপর্যন্ত সর্বমোট প্রায় ৫.১ কিলোমিটার ড্রেইনের কাজ সম্পন্ন করা হয়েছে। নিয়মিত পাকা ড্রেইন নির্মাণ ও কাঁচা ড্রেইন সংস্কার অব্যাহত থাকায় সোসাইটির পানি নিষ্কাশন ব্যবস্থার উন্নয়ন সাধিত হয়েছে। উন্নত জীবনমান নিশ্চিত করার লক্ষ্যে পানি নিষ্কাশন ব্যবস্থার উন্নয়নে ভবিষ্যতেও নিয়মিত ড্রেইন নির্মাণ অব্যাহত থাকবে।

**০৪। রাস্তা সংস্কার ও নির্মাণ**

আপনারা জেনে আনন্দিত হবেন যে, এ বছরও ১নং রোড , ২নং রোড সাথে সংযোগ, দ্বিতীয় গেইট সংলগ্ন রোড, ১৬নং সাব-রোড ম্যাকাডাম, কার্পেটিংসহ বিটুমিনাস স্প্রে কার্য সম্পন্ন করা হয়েছে। সোসাইটির অবশিষ্ট রাস্তাসমূহ পর্যায়ক্রমে সংস্কার, নির্মাণ, কার্পেটিং করার পরিকল্পনা রয়েছে। যা ধারবাবিহক ভাবে সম্পন্ন করা হবে।

**০৫। সোসাইটির যানবাহন**

বর্তমানে সোসাইটির ২টি মাইক্রোবাস, ২টি মটর সাইকেল ও ৩টি বাই-সাইকেল আছে। মোটর সাইকেলের সাহায্যে রাতে টহল ডিউটির ব্যবস্থা করা হয়েছে ও মাইক্রোবাসগুলো সোসাইটির অভ্যন্তরে বসবাসকারীদের দৈনন্দিন যাতায়াত ব্যবস্থায় ও জরুরি স্বাস্থ্যসেবায় সহায়ক ভূমিকা রাখছে। পাশাপাশি জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় নিয়মিত বাস সেবা দিয়ে সমিতির যোগাযোগ ব্যবস্থা সম্প্রসারণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। সমিতির সদস্যদের জন্য যানবাহন পাশ/স্টীকার তৈরি করে সরবরাহ করা অব্যাহত রয়েছে।

**০৬। সোসাইটির বিদ্যুৎ ব্যবস্থার উন্নয়ন**

সোসাইটির অভ্যন্তরে বিদ্যুৎ ব্যবস্থার উন্নয়নকল্পে ইতোমধ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। বিদ্যুৎ ব্যবস্থার উন্নয়নের লক্ষ্যে প্রয়োজন মাফিক বৈদ্যুতিক সরঞ্জামাদি ক্রয় ও ট্রান্সফরমার মেরামত করা হয়েছে। সোসাইটির অভ্যন্তরে বসবাসরত সকলের রাতে নির্বিঘ্নে চলাচলের লক্ষ্যে বিভিন্ন গুরুত্বপূর্ণ পয়েন্টে ৪৪টি ৫০ ওয়াটের স্ট্রীট লাইট স্থাপন করা হয়েছে। এছাড়াও সোসাইটির অফিস বিল্ডিং-এ বজ্র নিরোধক আর্থিং স্থাপন করা হয়েছে।

**০৭। সোসাইটির ইন্টারনেট ব্যবস্থার উন্নয়ন**

সোসাইটির অভ্যন্তরে ইন্টারনেট সংযোগ নিরবচ্ছিন্ন ও মানসম্পন্ন রাখার বিষয়ে প্রচেষ্টা অব্যাহত রাখা হয়েছে। সেবার মান উন্নয়নে ড্যাফোডিল অনলাইনের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখা হচ্ছে। গ্রাহকগণের ইন্টারনেট সংযোগ সংশ্লিষ্ট যেকোনো সমস্যা যেন দ্রুত সমাধান করা হয় সে বিষয়ে সার্বক্ষণিক নজরদারি রাখা হচ্ছে ও নতুন সংযোগ চাওয়া মাত্রই স্বল্পতম সময়ে প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। সোসাইটির টেলিফোন ও ইন্টারনেটে সংযোগের ক্ষেত্রে সোসাইটির অনুরোধে বিটিসিএল-এর সংযোগ স্থাপন করা হয়। ইতোমধ্যে প্রায় ৪০টি সংযোগ প্রদান করা হয়েছে। পর্যায়ক্রমে আরোও চাহিদা মেটানো হবে।

**০৮। ডেঙ্গু প্রতিরোধ ও মশক নিধন ব্যবস্থা**

আপনারা অবগত আছেন যে, এ বছরে ঢাকাসহ দেশব্যাপী ডেঙ্গু মশার উপদ্রব অস্বাভাবিকভাবে বৃদ্ধি পেয়েছে এবং বিভিন্ন হাসপাতালে ডেঙ্গুর প্রকোপে অনেক মানুষ মৃত্যুবরণ করেছেন। সোসাইটিতে এ বছরে মশা নিধনের জন্য একটি নতুন ফগার মেশিন ক্রয় করা হয়েছে এবং অন্যান্য বছরের মতো এবছরেও মশা নিধনের লক্ষ্যে ঔষধ ছড়ানোর কাজ সুচারুভাবে চলমান রয়েছে।

**০৯। বৃক্ষরোপণ কর্মসূচি**

যে সকল রাস্তায় গাছ কম রয়েছে এবং গাছের ফাঁকে জায়গা রয়েছে, সেই সকল স্থানে প্রায় শতাধিক ভেষজ ও ফুলের গাছ লাগানো হয়েছে। সোসাইটির প্রবেশমুখে নিজস্ব প্লটের (২৫ নং) সৌন্দর্য বর্ধনের কাজ চলমান রয়েছে। ইতিমধ্যেই দৃষ্টিনন্দন প্রাকৃতিক নামফলক স্থাপন করা হয়েছে। 'অরুণাপল্লী শিশু বিকাশ কেন্দ্র' (উৎকর্ষ) এর তত্ত্বাবধানে শিশুদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণে গত ০৫ জুলাই ২০২৪ ইং তারিখে বৃক্ষরোপণ কর্মসূচি পালন করা হয়েছে। আশা করি সকলের অব্যাহত প্রচেষ্টায় অরুণাপল্লী তার দৃষ্টিনন্দন প্রাকৃতিক পরিবেশ বজায় রাখবে বলে আশা প্রকাশ করছি।

**১০। মৎস্য চাষ ও পানি ব্যবস্থাপনা**

সোসাইটিতে দুটি পুকুরে মাছের চাষ করা হয়েছে ও বিশেষজ্ঞের পরামর্শে পরিচর্যা করা হচ্ছে। এ বছর রুই, কাতল, মৃগেল, কালবাউশ, বাটা এবং পুঁটিসহ বিভিন্ন দেশীয় মাছের পোনা ছাড়া হয়েছে। আশা করি মাছ চাষে আমরা অন্যান্য বছরের চেয়েও সফল হতে পারবো। এছাড়াও সোসাইটির ভূগর্ভস্থ পানির স্তর পরিমাপে বিশেষজ্ঞ টিমের সাহায্যে সোসাইটির ভূর্গভস্থ পানির স্তর পরিমাপ সাপেক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের উদ্যেগ নেওয়া হয়েছে।

**১১। অরুণাপল্লী খেলার মাঠের উন্নয়ন**

ইউনিয়ন পরিষদের আর্থিক সহায়তায় সোসাইটির টেনিস কোর্ট ঢালাই কার্য সম্পন্ন করা হয়েছে। সোসাইটির খেলার মাঠের পূর্ব পার্শ্বে বালি ফেলে লেভেলিং করাসহ প্রয়োজনীয় সংস্কার করা হয়েছে। সোসাইটির খেলার মাঠের প্রয়োজনীয় রক্ষণাবেক্ষণ করা হয়েছে এবং মাঠে একাধিক ব্যাডমিন্টন কোর্ট, ভলিবল কোর্টের পাশাপাশি ফুটবল ও ক্রিকেট খেলার ব্যবস্থা করা হয়েছে। সোসাইটির সকলে উক্ত খেলার মাঠ ব্যবহার করতে পারছেন।

**১২। সোসাইটির দ্বিতীয় গেইট সংলগ্ন রাস্তা-কালভার্ট নির্মাণ**

সোসাইটির পূর্বমূখী এপ্রোচ রোডটি তদ সংলগ্ন প্লট মালিকদের সহযোগিতায় (আউট সোর্সিং-এর মাধ্যমে) গাড়ী চলাচলের উপযোগী করা হয়েছে। বর্তমানে উক্ত রাস্তাটি শুধুমাত্র সোসাইটির ষ্টিকারযুক্ত হালকা যানবাহন চলাচলের অনুমোদন দেয়া হয়েছে।

**১৩। সোসাইটির শপিং কমপ্লেক্স এরিয়ায় সাউথইষ্ট ব্যাংকের একটি এটিএম বুথ স্থাপন**

সোসাইটির শপিং কমপ্লেক্স এরিয়াতে দীর্ঘ প্রতিক্ষিত সাউথইষ্ট ব্যাংকের একটি এটিএম বুথ স্থাপন করা হয়েছে। এ বিষয়ে কার্যকর পদক্ষেপ নেয়ায় সম্মানিত সদস্য জনাব মোহাম্মদ মানিউর রহমানকে ধন্যবাদ জ্ঞাপন করছি।

**১৪। শিশুদের শারীরিক ও মানসিক বিকাশে বিভিন্ন কর্মসূচি**

পূর্ববর্তী বছরের ন্যায় এবছরেও সোসাইটির অভ্যন্তরে শিশুদের শারীরিক ও মানসিক বিকাশে বিভিন্ন কর্মসূচির আয়োজন করা হয়েছে। সোসাইটির অভ্যন্তরে বিশ্ব সাহিত্য কেন্দ্রের ভ্রাম্যমান লাইব্রেরির পয়েন্টটি চালু রাখা হয়েছে। 'অরুণাপল্লী শিশু বিকাশ কেন্দ্র' (উৎকর্ষ)-এর তত্ত্বাবধানে চিত্রাংকন, প্রমিত উচ্চারণ ও আবৃত্তি, সঙ্গীত, কারাতে, গীটার ও নৃত্যসহ নানান প্রশিক্ষণের ব্যবস্থা রাখা হয়েছে। বছরব্যাপী উৎকর্ষ ও বিশ্ব সাহিত্য কেন্দ্রের ভ্রাম্যমান লাইব্রেরীর যৌথ উদ্যোগে বেশ কিছু সাংস্কৃতিক প্রতিযোগিতা আয়োজন করা হয়েছে। নববর্ষ উদযাপন উপলক্ষে ক্রীড়া ও সাংস্কৃতিক অনুষ্ঠান এবং উৎকর্ষের পরিবেশনায় পহেলা ফাল্গুন ও ভালোবাসা দিবস উদযাপন উপলক্ষে সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করা হয়। সোসাইটির অভ্যন্তরে বসবাসকারী শিশুদের টিকা প্রদান ও ভিটামিন ক্যাপসুল খাওয়ানোর উদ্যোগ নেয়া হয়েছে। শিশু কিশোরদের জ্ঞান বিকাশের জন্য পরিবেশের প্রতি সচেতনতামূলক সেমিনার আয়োজন করা হয়েছে (বিষয় - প্লাস্টিক দূষণ, পানির  ব্যবহার, পরিবেশ এবং তার গুরুত্বপূর্ণ উপাদানসমূহ)। এছাড়াও সোসাইটির শিশুদের পরিবেশের প্রতি সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে অরুণাপল্লী শিশু বিকাশ (উৎকর্ষ) তত্ত্বাবধানে 'পরিচ্ছন্নতা অভিযান' পরিচালিত হয়েছে। এসব তৎপরতার মাধ্যমে সোসাইটির শিশুদের মানসিক ও দৈনিক স্বাস্থ্যের ভারসাম্য রক্ষায় যথাযথ অবদান রাখছে।

**১৫। বিভিন্ন জাতীয় দিবসে শ্রদ্ধাঞ্জলি পেশ**

সোসাইটির পক্ষ থেকে মহান স্বাধীনতা দিবসে (২৬ শে মার্চ ২০২৪) ও বিজয় দিবসে (১৬ ডিসেম্বর ২০২৪) জাতীয় স্মৃতিসৌধে শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করা হয় এবং ২১ শে ফেব্রুয়ারি ২০২৪ আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধা নিবেদন করা হয়। মাতৃভাষা দিবসে সোসাইটির অভ্যন্তরে অস্থায়ী শহীদ মিনার স্থাপন করে শ্রদ্ধা অপর্ণ করা হয়।

**১৬। অডিট রিপোর্ট**

২০২৩-২০২৪ অর্থ বছরের সমবায় অফিস কর্তৃক অডিটকার্য সম্পন্ন করা হয়েছে। উক্ত অডিট রিপোর্টটি আজকের প্রতিবেদনের সাথে সংযুক্ত করা হয়েছে। অডিট রিপোর্টে বেশ কিছু গুরুত্বপূর্ণ অবদান উল্লেখের পাশাপাশি কিছু পর্যবেক্ষণও তুলে ধরা হয়েছে। উল্লিখিত আপত্তিসমূহ নিষ্পত্তি করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। সোসাইটির আয়-ব্যয় ও সামগ্রিক আর্থিক ব্যবস্থাপনার অভ্যন্তরীণ নিরীক্ষা কার্যক্রম (J U Ahmed & Co. Chartered Accountants)  সম্পন্ন করা হয়েছে (রিপোর্ট সংযুক্ত)। সামনের দিনগুলিতে অভ্যন্তরীণ নিরীক্ষার সুপারিশসমূহ বাস্তবায়নে কার্যকর উদ্যোগ গ্রহণ করা হবে।

**১৭। সোসাইটির বকেয়া আদায়**

প্রতি বছরের ন্যায় এ বছরও বকেয়া আদায়ের লক্ষ্যে সদস্যদের একাধিকবার পত্র দেয়া হয়েছে। বকেয়া আদায়ের জন্য সম্মানিত সদস্যদের চিঠি ও ফোনের মাধ্যমে তাগিদ দেয়া হয়েছে। বকেয়া আদায়ের জন্য ব্যবস্থাপনা কমিটি প্রতি বছরের ন্যায় আগামীতেও কাজ করে যাবে। আমরা আশা করছি, যে সকল সদস্য এখনও তাঁদের নিয়মিত ফি ও দায়-দেনা পরিশোধ করেননি, তাঁরা সোসাইটির সার্বিক উন্নয়নের লক্ষ্যে পাওনাসমূহ সময়মত পরিশোধ করে সোসাইটি পরিচালনার কাজে সহযোগিতা করতে এগিয়ে আসবেন।

**১৮। বাড়ি নির্মাণে 'অনাপত্তি পত্র বা প্রাথমিক অনুমতি' প্রদান**

সোসাইটির অভ্যন্তরে এ বছর নতুন করে ০৯ টি বাড়ি নির্মাণে প্রণীত নীতিমালা অনুযায়ী 'অনাপত্তি পত্র বা প্রাথমিক অনুমতি' দেয়া হয়েছে। সোসাইটিতে জমাকৃত নকশা মোতাবেক অনেকগুলি বহুতল ভবনসহ বাড়ি নির্মাণ কাজ চলছে। এখানে উল্লেখ্য যে, ২৭.০৮.২০০৪ তারিখে অনুষ্ঠিত বিশেষ সাধারণ সভায় ও ২৫.১২.২০১৮ তারিখে অনুষ্ঠিত ৪৩ তম বার্ষিক সাধারণ সভায় গৃহীত নীতিমালা অনুযায়ী সর্বোচ্চ ৬ (ছয়) তলা পর্যন্ত (G+5, প্রতি তলায় ২টি করে সর্বোচ্চ ১০টি ফ্ল্যাট) বাড়ি নির্মাণের অনুমোদন দেয়া হয়েছে। এখনও সোসাইটিতে বাড়ি নির্মাণে 'অনাপত্তি ছাড়পত্র বা প্রাথমিক অনুমতি'র ক্ষেত্রে এই নীতিমালা প্রয়োগ অব্যাহত রয়েছে। সোসাইটির হাউজিং পরিকল্পনা রাজউকের বিধানের আওতাধীন করা যায় কিনা তা নিয়েও ইতোমধ্যে আলোচনা করা হয়েছে। ভবিষ্যতে আমাদের সদস্যদের এ দাবি বাস্তবায়নের লক্ষ্যে কাজ করা হবে।

**১৯। মসজিদ ও কবরস্থান উন্নয়ন**

সোসাইটির অভ্যন্তরীণ মসজিদের মেরামত অধিক সদস্যদের স্থান সংকুলানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সফল উদ্যোগ গ্রহণ করা হয়েছে। মসজিদের পূর্ব পার্শ্বে কবরস্থানের সংস্কার ও উন্নয়নে সদস্যদের সহযোগিতার ১৫০ ফুট রাস্তা নির্মাণ করাসহ বহুমুখী পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। ভবিষ্যতে একটি রাস্তা-এর প্রয়োজনীয় সংস্কার সম্পন্ন করার কাজ চলমান রাখা হয়েছে।

**শ্রদ্ধেয় সদস্যবৃন্দ,**

বর্তমান ব্যবস্থাপনা কমিটির এটি তৃতীয় বার্ষিক সাধারণ সভা। সোসাইটির কলেবর বৃদ্ধি পাওয়ায় দৈনন্দিন নানান ধরনের সমস্যার উদ্ভব হয়েছে। উক্ত সমস্যাসমূহ সোসাইটির সদস্যগণের সমন্বয়ে গঠিত বিভিন্ন উপ-কমিটির মাধ্যমে ও প্রয়োজনীয় ক্ষেত্রে বিশেষজ্ঞের পরামর্শ নিয়ে সর্বোচ্চ গুরুত্বের সাথে তা সুরাহা করা হয়েছে। নিশ্চয়ই সোসাইটিকে ঘিরে আপনাদের মনেও রয়েছে নানান স্বপ্ন ও পরিকল্পনা। আপনাদের গঠনমূলক আলোচনায় সেসব অবগত হওয়া সম্ভব হবে। আপনারা প্রয়োজনীয় পরামর্শ প্রদান করলে আমরা সক্রিয় পদক্ষেপ নিতে নিশ্চয়ই সক্ষম হবো। ভবিষ্যতেও সোসাইটির খেলার মাঠে একটি বিদ্যালয় প্রতিষ্ঠা ও অফিস স্থাপনার কলেবর বৃদ্ধির জন্য সোসাইটির পূর্বপাশ্বের জমি ক্রয়ের বিষয়টিও আপনাদের পরিকল্পনায় রাখার জন্য উক্ত কমিটি সবিনয় অনুরোধ করছি। আপনাদের সুস্বাস্থ্য কামনা করছি ও সোসাইটির উন্নততর ভবিষ্যৎ নিশ্চিতকরণে সকলের সার্বিক সহযোগিতা কামনা করছি। দীর্ঘক্ষণ আমাদের বক্তব্য শোনার জন্য আপনাদের প্রতি অশেষ কৃতজ্ঞতা প্রকাশ করছি। ইংরেজী নববর্ষ-২০২৫ সালকে স্বাগত জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

ব্যবস্থাপনা কমিটির পক্ষে
ধন্যবাদসহ,



(অধ্যাপক ড. মোঃ সোহেল রানা)
সাধারণ সম্পাদক